



শেখ হাসিনার
উদ্যোগ
সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি
প্রধান কার্যালয়ঃ পাটকেলঘাটা, সাতক্ষীরা

দুরালাপনী
জেনারেল ম্যানেজার : ০১৭৬৯-৪০০০৭২
অফিস / অভিযোগ কেন্দ্র: ০১৭৬৯-৪০১৮১০
Web site : pbs.satkhira.gov.bd
E-mail : satkhirapbs@yahoo.com

স্মারকনং-২৭.১২.৮৭৯০.৫১৫.০৭.০২২.২৪. ২২ ৯ ০

তারিখঃ ২৩/১২/১৪৩০ বঃ
০৬/০৪/২০২৪ খিঃ

দরপত্র বিজ্ঞপ্তি

১৥ সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকায় লাইন রক্ষনাবেক্ষন/আপগ্রেডেশন কাজ করার জন্য পবিস নির্দেশিকা ১০০-৪১ অনুযায়ী সমিতির ২০২৩-২৪ অর্থ বছরের পূর্ব যোগ্যতা প্রাপ্ত স্থায়ী/সাময়িক তালিকাভুক্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হইতে নির্ধারিত ফরমে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

২৥ দরপত্রের বিবরণঃ

দরপত্র দলিলের বিড প্যাকেজ নং	কাজের বিস্তারিত বিবরণ	প্রাক্কলিত মূল্যে	আর্নেস্ট মানির পরিমাণ (টাকা)	কাজের মেয়াদ	দরপত্র দলিলের বিক্রয়মূল্য (অফেরতযোগ্য)
৪৫/২০২৩-২০২৪	রক্ষনাবেক্ষন/আপগ্রেডেশন	১০০০০০০.০০	৩০০০০.০০	৬০ দিন	১০০০.০০
৪৬/২০২৩-২০২৪	রক্ষনাবেক্ষন/আপগ্রেডেশন	১০০০০০০.০০	৩০০০০.০০	৬০ দিন	১০০০.০০

০৩৥ দরপত্র দলিল অত্র অফিস হতে অদ্য ০৬/০৪/২০২৪ ইং তারিখ হইতে আগামী ১৮/০৪/২০২৪ ইং তারিখ বৃহস্পতিবার পর্যন্ত অফিস চলাকালীন সময় দুপুর ১১-০০ ঘটিকার মধ্যে প্রতিটি বিড প্যাকেজের জন্য প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে আবেদন করতঃ নগদ ১০০০.০০ (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) সমিতির ক্যাশ রশিদের মাধ্যমে জমা প্রদান সাপেক্ষে দরপত্রের সিডিউল ক্রয় করা যাবে।

০৪৥ পবিস নির্দেশিকা ১০০-৪১ অনুযায়ী প্রতিটি দরপত্র প্রাক্কলিত মূল্যের সমদরে অথবা সর্বোচ্চ ৫% নিম্ন দরে দাখিল করা যাবে।
০৫৥ দরপত্র দাখিলের সময় দরপত্রের সঙ্গে ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা মাত্র) টাকা আর্নেস্ট মানি “সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি” এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হইতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি দরপত্রের সাথে জমা দিতে হবে। কোন অবস্থাতেই প্রয়োজনীয় আর্নেস্ট মানি ছাড়া দরপত্র বৈধ বলে গ্রহণ করা হবে না।

০৬৥ আগামী ২১/০৪/২০২৪ ইং তারিখ রোজ রবিবার বেলা ১১-০০ ঘটিকা পর্যন্ত সীল মোহরকৃত দরপত্র নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর অথবা নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, সাতক্ষীরা এ রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে। উক্ত দিনই বেলা ১১-৩০ ঘটিকার সময় বিড প্যাকেজ অনুযায়ী উপস্থিত দরপত্র দাতা বা তাদের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

০৭৥ উক্ত দর সরকারী নিয়ম মোতাবেক প্রদেয় মূল্য সংযোজন করসহ উক্ত বলে বিবেচিত হবে। পৃথকভাবে মূল্য সংযোজন কর উল্লেখ করা হলে সেই দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৮৥ প্রতিটি দরপত্রের বিপরীতে লোকবল, প্রয়োজনীয় টুলস / যন্ত্রপাতির তালিকা প্রদান করতে হবে। দরপত্রে অংশ গ্রহণকারী প্রতিষ্ঠানের বাপবিবোর্ডের প্রশিক্ষণপ্রাপ্ত পর্যাপ্ত সংখ্যক সুপারভাইজার ও লাইনম্যানসহ প্রয়োজনীয় লোকবল থাকতে হবে।

০৯৥ সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হলে সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) লটারীর মাধ্যমে ১ম, ২য় ও ৩য় দরদাতা নির্ধারণ করবেন।

১০৥ সন্তোষজনকভাবে কার্য সম্পাদনের (ক্লোজ আউটসহ) পর প্রয়োজনীয় সকল দলিলাদিসহ বিল দাখিল করতে হবে। প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১১৥ ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দরপত্র গ্রহণ বা প্রেরণ করা হবে না। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।

১২৥ শুধুমাত্র ২০২৩-২৪ অর্থ বছরের জন্য স্থায়ী/ সাময়িক পূর্বযোগ্যতা নবায়নকৃত তালিকাভুক্ত মিনি ঠিকাদারগণ দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন।

১৩৥ ২০২৩-২৪ অর্থ বছরে স্থায়ী/ সাময়িক পূর্বযোগ্যতা নবায়ন করা না হলে কার্যাদেশ প্রদান করা হবে না। সর্বনিম্ন দরদাতা হলেও কার্যাদেশ প্রাপ্তির যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

১৪৥ বর্ণিত বিজ্ঞপ্তির আওতায় একই মিনি ঠিকাদারী প্রতিষ্ঠান একাধিক বিড প্যাকেজ ক্রয় করে সর্বনিম্ন হলেও শুধুমাত্র ০১ টি কার্যাদেশ প্রদান করা হবে।

(Signature)

১৫৥ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন অথবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



(জিয়াউর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (সদয় অবগতির জন্য)।

- ০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যশোর জোন, বাপবিবো, যশোর।
- ০২। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, সাতক্ষীরা।
- ০৩। ডিজিএম (কারিগরী/কালিগঞ্জ/ঝাউডাঙ্গা/আশাশুনি/কলারোয়া/শ্যামনগরা) জোনাল অফিস, সাতক্ষীরা পবিস।
- ০৪। জনাব -----, অধ্যক্ষ, কারিগরী প্রশিক্ষন কেন্দ্র, সাতক্ষীরা। (বর্নিত তারিখ ও সময়ে উপস্থিত
- ০৫। জনাব -----, বিসিক, সাতক্ষীরা। (থাকার জন্য অনুরোধ করা হলো।)
- ০৬। এজিএম (ওএন্ডএম) (তালা/দেবহাটা/বুধহাটা/নুরনগর/কৃষ্ণনগর/যুগিখালী), সাব-জোনাল অফিস, সাতক্ষীরা পবিস।
- ০৭। এজিএম (প্রশাসন/অর্থ/এমএস/ওএন্ডএম), সাতক্ষীরা পবিস।
- ০৮। এজিএম (আইটি), সাতক্ষীরা পবিস। (ওয়েব সাইডে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিবেন)।
- ০৯। মেসার্স.....(অবগতি ও দরপত্রে অংশ গ্রহনের অনুরোধসহ)
- ১০। নোটিশবোর্ড।
- ১১। অফিস/মাস্টারকপি।



(জিয়াউর রহমান)
জেনারেল ম্যানেজার

